# Half Yearly Examination 2020

## Class: 5

## Subject: English

Time: 2.30 hours Total Marks: 100

***Read the passage and answer the questions 1,2,3 and 4.***

It is a beautiful spring day. Maria gets up early. She feels happy. She knows that it is a nice day because she puts her hand on the glass of the window. It is very warm. She opens the window and the singing of the birds fills the room. She can smell the flowers outside her home. They smell sweet and fresh. After Maria gets dressed and has her breakfast, she puts her books in her bag. She is ready for school. Maria is a lot like any other students in her neighborhood. She goes to school and likes to be with her friends. But Maria cannot see the beautiful spring day. She cannot see the flowers, the blue sky, or the singing birds. She cannot see the new green leaves on the trees. She cannot see these because she is visually impaired. She has been unable to see since she was born. But Maria is happy. She goes to school every day. She can learn the information because she reads the Braille. Braille is a script that uses raised dots. Each letter is made from dots. People move their fingers across the raised dots to read. Maria learned to read Braille as a young child. Her books at school are in Braille. She enjoys reading poems and history. Maria's teacher says that she is a good learner.

**1. Match the words of Column A with the similar meaning of Column B** 1X5=5

| Column A | Column B | |
|---|---|---|
| 1.Get up | (i) | The first season of the year |
| 2. Breakfast | (ii) | Not having the power or ability to do something |
| 3. Smell | (iii) | The first meal of the day |
| 4. Neighborhood | (iv) | The sense that gives one the feeling of odour |
| 5. Unable | (v) | Bad feeling |
| | (vi) | Awake from sleep |
| | vii) | A locality where some people live |

**2. Write 'True' for correct statement or `False' for incorrect statement.** 1X6=6

a) Maria gets up late..
b) She feels happy after waking up.
c) She can't smell the flowers outside her home.
d) The flowers smell sweet and fresh.
e) Maria's singing fills the room.
f) She is blind since she was born.

**3. Answer the following questions.** 2X6=12

a) Which season is it according to the passage?
b) How does Maria know that it is a nice day?
c) What sensation does she have?
d) Why can't she see?
e) What is Braille?
f) What does she enjoy to read?

**4.** Write a short composition on '**Maria's life'** in at least 5 sentences answering the following questions. 10

a) Who is Maria?
b) Why does she feel happy?
c) Why can't she see?
d) How does Maria learn information at school?
e) What is Braille?

***Read the text and answer questions 5, 6, 7 and 8.***

Trees play and important role in our life and economy. The trees present us flowers, the most beautiful things on earth. They bring rain to keep the atmosphere cool and fresh. Trees give us food when we are hungry and medicine when we are sick. They also give us oxygen to live. Trees bear great impact on the climate. They keep the balance of the climate suitable for the people. Trees keep the soil strong. They save us from many natural calamities. We should not destroy trees without any cause. Rather we should plant more trees to ensure a happy life.

**5. Fill in the gaps with the correct word from below.** 5

| | | | | |
|---|---|---|---|---|
| oxygen | medicine | intimate | natural | existence |

a) Trees are our ___________ friends.
b) They give us not only food but also ___________.
c) They give us ___________.
d) They save us from ____________ calamities.
e) In a word, we owe to trees for our ___________ on earth.

**6. Write whether the following statements of text are true or false**. 6

a) Trees keep the soil strong.
b) Trees give us shelter in our sickness.
c) Trees give us carbon dioxide.
d) We should cut down trees.
e) Flowers are the most beautiful thing on earth.
f) Trees keep the atmosphere hot.

**7. Answer the following questions.** 10

a) What plays an important role in our life and economy?
b) What do trees give us?
c) What should we do to ensure a happy life?
d) On whats trees have a great impact?
e) What do trees present us?

**8. Hasan is one of your friend. He lives in a village. He wants to know from you about the importance of trees. Write a letter to him describing the importance of trees.** 10

**9. Make WH questions from the given sentences with Who, What, When, Where, Why, Which and How using the underlined words:** 2×5=10

a) She works <u>in a bank.</u>
b) The weather was <u>nice.</u>
c) Tamim play cricket <u>on weekends.</u>
d) <u>Raju</u> is in class five.
e) <u>Ice-cream</u> is delicious food.

**10. Read the instructions about having good food and then answer the following questions a, b+c.** 1+2+3=6

1. Eat fresh food.
2. Take a balanced diet.
3. Eat a lot of vegetables and fruits.
4. Drink pure water.
5. Avoid chips, burgers and other fast foods.

<u>Questions:</u>

a) What is your favourite food? (Knowledge)
b) Why should you take good food? (Understanding)
c) How do you take good food? (Application)

**11. Here is a schedule of daily activities of a shopkeeper. Write five sentences using the hours of the day when the shopkeeper does these activities:** 05

| Hours of the day | Activities |
|---|---|
| 6.00 am | Getting us and taking breakfast. |
| 7.00 am | Opening and cleaning shop. |
| 8.00 am | Starting to sell things. |
| 2.00 pm | Closing shop and taking lunch. |
| 5.00 pm | Opening the shop again. |

**12. Rearrange the words in a appropriate order to make meaningful sentences:** 2×5=10

a) was/old/Nipa/years/six
b) very/is/brother/strong/my
c) like/playing/I/football
d) see/Maria/cannot/the/flowers
e) won/the/race/Tortoise/the

**13. Imran Ahmed lives in college road, Gazipur with his father Mr. Mahbub Ali and mother Mrs. Dilara Zaman. He is 10 years old. He wants to be a member of a local swimming club. Now fill up the form by using Irman Ahmed's information.** 05

1. Name:............................................................
2. Father's name:................................................
3. Mother's name:...............................................
4. Address:..........................................................
5. Age:................................................................

# অর্ধ-বার্ষিকী পরীক্ষা-২০২০ খ্রীঃ
## শ্রেণি-পঞ্চম
## বিষয়-বাংলা

সময়: ২:৩০ ঘন্টা | পূর্ণমান: ১০০

***নিচের অনুচ্ছেদ (পাঠ্য বই হতে) পড়ে ১ ও ২ নং প্রশ্নের উত্তর দাও:***

রুবা রুমার হাত ধরে ঝাঁকিয়ে বলে, যুদ্ধ মানে কী বুবু? রুমা দুই হাতে চোখ মুছে বলে, বাবার মরে যাওয়া। দুইজন আকাশের দিকে তাকায়। অনেক দূরে কালো ধোঁয়ার মতো কিছু একটা আকাশের দিকে উঠছে। উঠছে তো উঠছেই। ওরা বুঝতে পারে পাশের গ্রামে আগুন দিয়েছে পাকিস্তানি মিলিটারি। দুই বোন আকাশের দিকে হা করে তাকিয়ে থাকে। দুই জনই বুঝতে পারে যুদ্ধ মানে কী? ঘোর বর্ষা। বৃষ্টির তোড়ে ডুবে যায় মাঠঘাট। রাহেলা বানু শুকনো মুখে বারান্দায় বসে থাকে। দুই বোন ধান ক্ষেতের আলের পাশ দিয়ে গড়িয়ে যাওয়া পানি থেকে কুঁচো চিংড়ি ধরে আনে। ওদের মা অন্যের বাড়ি থেকে আনা চালে ভাত রান্না করে। দু-মুঠো চাল মাটির কলসিতে জমিয়ে রাখে রাহেলা বানু। রাতে কোনো মুক্তিযোদ্ধা এলে তার জন্য ভাত রান্না করবে। দুই বোন শুকনো লাকড়ি কুড়িয়ে এনে রান্নাঘরে জমিয়ে রাখে। যদি লাকড়ির দরকার হয় তখন কী দিয়ে রান্না করবে মা? দুই বোন অধীর অপেক্ষায় থাকে। সে রাতে বৃষ্টি ছিল না। জোৎস্নায় ভরা ছিল উঠোন।

**১। নিচের শব্দগুলোর অর্থ লেখ:** ( যে কোনো ৫টি) ১×৫= ৫

উদগ্রীব, ক্যাম্প, গপগপিয়ে, মুক্তিযোদ্ধা, খুশবু, গণহত্যা, বিবিসি

**২। নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:**

ক. কে রুমার কাছে যুদ্ধের মানে জানতে চায়? রুমার কাছে যুদ্ধ মানে কী? ২

খ. আকাশের দিকে তাকিয়ে দুইবোন কী বুঝতে পারে? চারটি বাক্যে লিখ। ৪

গ. মুক্তিযোদ্ধাদের জন্য রাহেলা বানু কী করেন? চারটি বাক্যে লিখ। ৪

***নিচের অনুচ্ছেদ পড়ে ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও:***

১৯৯১ সালে ইউনেস্কো ২১ ফেব্রুয়ারিকে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসেবে ঘোষণা করে। তারপর থেকে বিশ্বব্যাপী ২১ শে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে পালিত হচ্ছে। পৃথিবীর সব মানুষের মাতৃভাষার প্রতি সম্মান জানানো হয় এই দিনে। ২১শে ফেব্রুয়ারিতে পৃথিবীর সকল মানুষই স্মরণ করে বাংলাদেশের ভাষা শহীদদের। শহীদদের স্মরণে সরকারি-বেসরকারি ভবনে কালো পতাকা উত্তোলন করা হয়। রাজপথ ও শহীদ মিনারে দৃষ্টিনন্দন আল্পনা আঁকা হয়। সবাই বুকে কালো ব্যাজ পরি খালি পায়ে হেঁটে শহীদ মিনারে গভীর শ্রদ্ধায় পুস্পস্তবক অর্পণ করেন। ভাষা শহীদদের স্মরণে গাওয়া হয় এই শোক সংগীত-

"আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি-আমি কি ভুলিতে পারি।"

**৩। প্রদত্ত শব্দের অর্থ বুঝে শূণ্যস্থান পূরণ কর:** ১x৫= ৫

| শব্দ | শব্দার্থ |
|---|---|
| বিশ্বব্যাপী | পৃথিবীজুড়ে |
| স্মরণ | মনে করা |
| অর্পণ | দেওয়া |
| উত্তোলন | উঠানো |
| অমর | মৃত্যুহীন |

ক) আমরা শহীদদের শ্রদ্ধার সঙ্গে ------------- করি।

খ) শহীদ দিবসে কালো পতাকা ------------- করা হয়।

গ) মানুষ তার কর্মের মাধ্যমে চির ----------- থাকে।

ঘ) আন্তর্জাতিক মাতৃভাষা দিবস --------- পালিত হয়।

ঙ) শহীদ মিনারে সকলে পুস্পস্তবক ----------- করে।

**৪। অনুচ্ছেদটি পড়ে নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ:** ৫x৩= ১৫

ক) বাংলাদেশে ২১শে ফেব্রুয়ারি কীভাবে উদযাপন করা হয়?

খ) 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি' - গানটির তাৎপর্য ব্যাখ্যা কর।

গ) ২১শে ফেব্রুয়ারির দিনটি বিশ্বব্যাপী পালিত হওয়ার কারণ কী?

**৫। বাক্যে ব্যবহৃত ক্রিয়াপদের চলিতরূপে রূপান্তর কর:** (যেকোনো ৫টি) ১×৫= ৫

ক) দেশ হইলো জননীর মতো।

খ) নদীতে বড়শি দিয়ে মাছ ধরিতেছে।

গ) আমরা একটু দেরি করেই গিয়েছিলাম।

ঘ) কীসের নেশায় কেমন করে মরিতেছে যে বীর লাখে লাখে।

ঙ) শান্ত ছেলেটি শুধু পড়িতে ভালোবাসে।

চ) জাহাজ দুইটি খুলনার কাছাকাছি চলিয়া আসে।

ছ) বাঘ দেখিতে যেমন সুন্দর, তেমনি ভয়ংকর।

**৬। প্রদত্ত অনুচ্ছেদটি পড়ে (কে, কী, কোথায়, কীভাবে, কেন, কখন) ব্যবহার করে প্রশ্ন তৈরি কর:** (৫টি) ১×৫=৫

ঘোর বর্ষা। বৃষ্টির তোড়ে ডুবে যায় মাঠঘাট। রাহেলা বানু শুকনো মুখে বারান্দায় বসে থাকে। দুই বোন ধান ক্ষেতের আলের পাশ দিয়ে গড়িয়ে যাওয়া পানি থেকে কুঁচো চিংড়ি ধরে আনে। ওদের মা অন্যের বাড়ি থেকে আনা চালে ভাত রান্না করে।

**৭। নিচের যুক্তবর্ণগুলো ভেঙ্গে দেখাও ও প্রতিটি যুক্ত বর্ণ দিয়ে তৈরি শব্দ দ্বারা একটি করে বাক্য রচনা কর।** (যেকোনো ৫টি) ২x৫=১০

ন্ট, স্ম, ড্ড, শ্চ, র্ব।

**৮। বিরামচিহ্ন বসিয়ে অনুচ্ছেদটি উত্তরপত্রে লেখ:** ৫

মামা বললেন এটা শখের হাড়ি শখ কওে পছন্দের জিনিস এই সুন্দর হাড়িঁতে রাখা হয় তাই এর নাম শখের হাড়িঁ তাছাড়া শখের যেকোন জিনিসই সুন্দর

**৯। নিচের বাক্যগুলোকে এক কথায় প্রকাশ কর:** (যেকোনো ৫টি) ১x৫=৫

সম্পূর্ণরূপে অন্যের বাধ্যতা স্বীকার, রাজার ছেলে, অন্যায়ের স্বীকার, পাহারা দেয়া, দেশ চালায় যে, রক্ত দিয়ে লাল করা হযেছে যা, মাথা নত করে অভিবাদন করা।

**১০। নিচের শব্দগুলোর বিপরীত শব্দ লিখ :** (যেকোনো ৫টি) ১x৫=৫

প্রাচীন, ব্যথা, উদার, স্থির, সৌভাগ্য, অনাড়ম্বর, যুদ্ধ।

**১১। কবিতাংশটুকু পড়ে (ক), (খ) ও (গ) নং প্রশ্নগুলোর উত্তর লেখ:**

তুমি ভালোবাস তোমার
ওই ও পারের বন,
যেথায় গাঁথা ঘনচ্ছায়া
পাতার আচ্ছাদন
যেথায় বাঁকা গলি
নদীতে যায় চলি,
দুই ধারে তার বেণুবনের
শাখায় গলাগলি।

(ক) ওই পাড়ের পথটি কোথায় শেষ হয়েছে? বর্ণনা দাও। ২

(খ) কবিতাটির মূলভাব লেখ। ৫

(গ) তোমার বাড়ির আঙ্গিনায় লাগানো গাছের প্রতি তুমি কীভাবে যত্ন নেবে? ৩

**১২। মনে কর তোমার নাম প্রান্ত সরকার। তুমি পঞ্চম শ্রেণির শিক্ষার্থী। তুমি আন্তঃ প্রাথমিক বিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে চাও। এবার প্রয়োজনীয় তথ্য দ্বারা নিচের ফরমটি পূরণ কর।** ২×৫=১০

**প্রতিযোগিতার ফরম**

১. শিক্ষার্থীর নাম :
২. বিদ্যালয়ের নাম :
৩. শ্রেণি :
৪. রোল নং :
৫. জন্মতারিখ :

-------------
শিক্ষার্থীর স্বাক্ষর

**১৩. মনে কর, তুমি শিহাব। তোমার বোনের বিয়ে উপলক্ষে তিনদিনের ছুটি চেয়ে প্রধান শিক্ষকের নিকট একটি দরখাস্ত লেখ।** ০৫

**১৪. প্রদত্ত সংকেতের আলোকে নিচের যেকোনো একটি বিষয়ে ২০০ শব্দের মধ্যে রচনা লেখ:** ১০

ক) শীতের সকাল: (সংকেত: ভূমিকা, শীতের বৈশিষ্ট্য, শীতের সকালের বর্ণনা, শীতের বেদনা, উপসংহার)

খ) ছাত্রজীবনের দায়িত্ব ও কর্তব্য: (সংকেত: ভূমিকা, ছাত্রজীবনের মূল্য, চরিত্র ও স্বাস্থ্য গঠন, উপসংহার)

গ) কম্পিউটার: (সংকেত: ভূমিকা, আবিষ্কার, ব্যবহার ও অবদান, উপসংহার)

ঘ) বৃক্ষরোপণ অভিযান: (সংকেত: ভূমিকা, বৃক্ষের প্রয়োজনীয়তা, রোপণ করা বৃক্ষের সংরক্ষণ ও পরিচর্যা, সরকারের পদক্ষেপ, উপসংহার)

# অর্ধ-বার্ষিকী পরীক্ষা-২০২০ খ্রীঃ

## শ্রেণি-পঞ্চম

## বিষয় - বাংলাদেশ ও বিশ্বপরিচয়

সময়: ২:৩০ ঘন্টা　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　পূর্ণমান: ১০০

**১। সংক্ষেপে উত্তর দাওঃ** ২×১৫=৩০

ক) শিক্ষাগ্রহণ কী ধরণের অধিকার?

খ) অনেক শিশু শিক্ষার অধিকার থেকে বঞ্চিত কেন?

গ) অটিজম কী?

ঘ) নারী নির্যাতনের ফলে কোনটি খর্ব হয়?

ঙ) প্রতি বছর কত তারিখে সরকারিভাবে রোকেয়া দিবস পালন করা হয়?

চ) রাষ্ট্রের প্রতি তোমার একটি কর্তব্য লিখ।

ছ) ঘরের বাইরে নিরাপদ থাকার একটি উপায় লিখ।

জ) রাজনৈতিকভাবে বাংলাদেশ কী ধরণের রাষ্ট্র?

ঝ) আমরা সব জায়গায় গণতান্ত্রিক আচরণ করব কেন?

ঞ) গারো নারীদের দুটি ঐতিহ্যবাহী পোশাকের নাম লেখ।

ট) গারোদের আদি ধর্মের নাম কী?

ঠ) ম্রো জনগোষ্ঠী কোথায় বাস করে?

ড) আন্তর্জাতিক আদালতের প্রধান কাজ কী?

ঢ) জাতিসংঘের কোন সংস্থাটি শিশুদের জন্য কাজ করে?

ণ) ইউনিসেফ - এর পুরো নাম কী?

**২। সঠিক শব্দ দিয়ে শূণ্যস্থান পূরণ করঃ** ( যে কোন ১২টি) ১২×১=১২

ক) বাংলাদেশে ------ বছরের কম বয়সী শিশুদের শ্রম বেআইনি।

খ) আমরা সবার ------ রক্ষায় কাজ করব।

গ) ১৯৭৭ সালে ৮ই মার্চকে জাতিসংঘ আন্তর্জাতিক ------ দিবস হিসেবে ঘোষণা দেয়।

ঘ) ক্লারা জেটকিন হলেন ------ সমাজতাত্ত্বিক।

ঙ) আমরা আগুন ব্যবহারে ------- থাকব।

চ) গ্যাসের চুলা ও বিদ্যুৎ ব্যবহারের পর ------ রাখব।

ছ) আমাদের সকল ক্ষেত্রে ------ আচরণ করা উচিত।

জ) বিদ্যালয়ে সকল কাজে আলোচনা করে ------ নিব।

ঝ) বর্তমানে বেশিরভাগ গারো ------ ধর্মাবলম্বী।

ঞ) ত্রিপুরারা ------ ধর্মের অনুসারী।

ট) ওরাওদের গ্রামপ্রধানকে ------ বলা হয়।

ঠ) ইউনিসেফের পুরো নাম 'জাতিসংঘ আন্তর্জাতিক ------ তহবিল'।

ড) জাতিসংঘ প্রতিষ্ঠিত হয় ------ সালে।

ঢ) সার্ক গঠিত হয় ----- সালে।

**৩। বামপাশের বাক্যাংশের সাথে ডানপাশের বাক্যাংশ মিল করঃ** ২×৫=১০

| বাম পাশ | ডানপাশ |
|---|---|
| ক) শিশুশ্রম | i) গারোদের দল গঠিত। |
| খ) নারী শিক্ষার বিষয়ে | ii) জনগণের শাসন। |
| গ) আমরা সাবধান থাকব | iii) শিশু অধিকার বিরোধী কাজ। |
| ঘ) গণতন্ত্র অর্থ | iv) বেআইনি। |
| ঙ) মাতার সূত্র ধরেই | v) অপরিচিত মানুষের হাত থেকে। |

| | |
|---|---|
| | vi) বেগম রোকেয়া সমাজে অসামান্য অবদান রাখেন।<br>vii) একটি বালিকা বিদ্যালয় প্রতিষ্ঠা করেন। |

**৪। যে কোন ৮টি প্রশ্নের উত্তর দাওঃ** ৮×৬=৪৮

ক) মানবাধিকার কী? মানবাধিকার রক্ষা করা প্রয়োজন কেন? মানবাধিকার রক্ষায় চারটি উপায় লেখ।

খ) বেগম রোকেয়া কোথায় জন্মগ্রহণ করেন? তাঁকে নারী জাগরণের অগ্রদূত বলা হয় কেন? নারীর উন্নয়নে বেগম রোকেয়ার চারটি অবদান লেখ।

গ) নারী নির্যাতনের ছয়টি কারণ উল্লেখ কর।

ঘ) পরিবার কি? তুমি পরিবারের বয়স্কদের সাহায্য করবে কেন? বয়স্কদের সাহায্য করার চারটি উপায় লেখ।

ঙ) শ্রেণিনেতা কে? শ্রেণিনেতা নির্বাচন করা প্রয়োজন কেন? শ্রেণিনেতার চারটি কাজ লিখ।

চ) গারোদের ঐতিহ্যবাহী উৎসবের নাম কী? তারা এই উৎসব পালন করে কেন? গারো ঐতিহ্যবাহী উৎসব সম্পর্কে চারটি বাক্য লেখ।

ছ) খাসিদের ভাষার নাম কী? এই ভাষায় বই লেখা হয়নি কেন? খাসিদের সমাজ ব্যবস্থা সম্পর্কে চারটি বাক্য লিখ।

জ) জাতিসংঘ কখন গঠিত হয়েছিল? কেন জাতিসংঘ গঠিত হয়েছিল? জাতিসংঘ প্রতিষ্ঠার চারটি উদ্দেশ্য লেখ।

ঝ) ইউনিসেফ কী? ইউনিসেফ কেন গঠিত হয়েছিল? ইউনিসেফের চারটি কাজ লেখ।

ঞ) সার্ক কী? কেন সার্ক গঠিত হয়েছিল? সার্ক গঠনের চারটি উদ্দেশ্য লেখ।

# অর্ধ-বার্ষিকী পরীক্ষা-২০২০ খ্রীঃ

## শ্রেণি-পঞ্চম

## বিষয় - প্রাথমিক বিজ্ঞান

সময়: ২:৩০ ঘন্টা পূর্ণমান: ১০০

**১। সংক্ষেপে উত্তর দাওঃ** ২×১৫=৩০

ক) জ্যোতির্বিজ্ঞান কাকে বলে?

খ) কী ব্যবহার করে বিজ্ঞানীরা মহাকাশের বিভিন্ন বস্তু পর্যবেক্ষণ করেন?

গ) কক্ষপথ কাকে বলে?

ঘ) কী ব্যবহার করে বিভিন্ন প্রযুক্তি উদ্ভাবিত হয়?

ঙ) আধুনিক প্রযুক্তির সবচেয়ে ভয়াবহ প্রয়োগের দুটি উদাহরণ দাও?

চ) তথ্য বিনিময় কী?

ছ) ইন্টারনেট কী?

জ) আবহাওয়া ও জলবায়ুর মধ্যে একটি পার্থক্য লিখ।

ঝ) কীভাবে ঘূর্ণিঝড়ের সৃষ্টি হয়?

ঞ) জলবায়ু পরিবর্তনের প্রধান কারণ কী?

ট) বায়ুমন্ডল কী?

ঠ) কোন কোন সম্পদগুলো অনবায়নযোগ্য?

ড) প্রাকৃতিক সম্পদের ব্যবহারে তৈরি হয় এমন দুটি মানবসৃষ্ট সম্পদের নাম লিখ?

ঢ) হাইব্রিড গাড়ির একটি বৈশিষ্ট্য লেখ।

ণ) জনসংখ্যা বৃদ্ধি পেলে কিসের চাহিদা বাড়বে?

**২। সঠিক শব্দ দিয়ে শূণ্যস্থান পূরণ করঃ** ( যে কোন ১২টি) ১২×১=১২

ক) পৃথিবী প্রতি ২৪ ঘন্টায় নিজ ------ একবার সম্পূর্ণ ঘুরছে।

খ) প্রতি গ্যালাক্সিতে গড়ে ------ সহস্র কোটি নক্ষত্র রয়েছে।

গ) বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রে ------ পুড়িয়ে আমরা বিদ্যুৎ উৎপাদন করি।

ঘ) অনেক সময় প্রযুক্তির ব্যবহার ------ পরিণত হয়।

ঙ) তথ্য সংগ্রহ করার অনেক সহজ মাধ্যম হলো -------।

চ) নিজস্ব উদ্ভাবন ও সংগৃহীত তথ্য ------ ব্যবহার করে প্রকাশ করতে পারি।

ছ) দিনে স্থলভাগ জলভাগ থেকে ------ থাকে।

জ) বাংলাদেশে বর্ষাকালে ------ মৌসুমি বায়ু প্রবাহিত হয়।

ঝ) বনভূমি ধ্বংসের ফলে ------ পরিবর্তন হয়।

ঞ) পৃথিবীর গড় তাপমাত্রা প্রতি বছর ------ করছে।

ট) নবায়নযোগ্য সম্পদকে ------ সম্পদের বিকল্প হিসেবে ব্যবহার করা যায়।

ঠ) রি-সাইকেল করার মাধ্যমে আমরা সম্পদ ------ করতে পারি।

ড) জনসংখ্যার ------ বেশি হলে জীবানু দ্রুত ছড়ায়।

ঢ) জনসংখ্যা যত বৃদ্ধি পাবে মানুষের ----- তত বাড়বে।

**৩। বামপাশের বাক্যাংশের সাথে ডানপাশের বাক্যাংশ মিল করঃ** ২×৫=১০

| বাম পাশ | ডানপাশ |
|---|---|
| ক) পৃথিবীর একমাত্র উপগ্রহ<br>খ) টর্নেডো হলো সরু, ফানেল<br>গ) জলবায়ু পরিবর্তনের প্রধান কারণ<br>ঘ) নবায়নযোগ্য সম্পদ<br>ঙ) অতিগরম আবহাওয়ার দীর্ঘস্থায়ী অবস্থা হলো | i) বারবার ব্যবহার করা যায়।<br>ii) তাপদাহ।<br>iii) নাইট্রোজেনের বৃদ্ধি।<br>iv) আকৃতির ঘূর্ণায়মান শক্তিশালী বায়ুপ্রবাহ।<br>v) নিম্নচাপ।<br>vi) চাঁদ। |

| | |
|---|---|
| | vii) বায়ুমন্ডলে কার্বন ডাই অক্সাইডের পরিমাণ বৃদ্ধি। |

**৪। যে কোন ৮টি প্রশ্নের উত্তর দাওঃ** ৮×৬=৪৮

ক) পৃথিবীর গতি কয় ধরণের ও কী কী? দিনরাত কীভাবে হয় চিত্র সহ ব্যাখ্যা কর।

খ) কৃষি প্রযুক্তি ব্যবহার কীভাবে খাদ্য উৎপাদনে সাহায্য করছে?

গ) প্রযুক্তির ক্ষতিকরগুলো ব্যাখ্যা কর।

ঘ) তথ্য বিনিময় কেন গুরুত্বপূর্ণ উদাহরণসহ ব্যাখ্যা কর।

ঙ) বায়ুচাপ কী? বাংলাদেশে কেন বর্ষাকালে অধিক বৃষ্টিপাত হয়?

চ) বৈশ্বিক উষ্ণায়ন কাকে বলে? জলবায়ুর পরিবর্তন কোন কোন প্রাকৃতিক দূর্যোগের ঝুকি বৃদ্ধি করে তা চারটি বাক্য লেখ।

ছ) অভিযোজন কী? জলবায়ুর পরিবর্তিত পরিস্থিতিতে টিকে থাকার জন্য যথাযথ ব্যবস্থাগুলো ৫টি বাক্য লিখ।

জ) প্রাকৃতিক সম্পদের যথাযথ ব্যবহার কেন প্রয়োজন ব্যাখ্যা কর।

ঝ) উচ্চচাপ ও নিম্নচাপ কীভাবে সৃষ্টি হয় ব্যাখ্যা কর।

ঞ) পরিবেশের উপর জনসংখ্যার বৃদ্ধির প্রভাব ৬টি বাক্যে লেখ।

# অর্ধ-বার্ষিকী পরীক্ষা-২০২০ খ্রীঃ

## শ্রেণি-পঞ্চম

## বিষয় - গণিত

সময়: ২:৩০ ঘন্টা | পূর্ণমান: ১০০

**১) নিচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর লিখ:** ১×২০=২০

১) এক হালি ডিমের দাম ৩০ টাকা হলে দুই ডজন ডিমের দাম কত?

২) {৯-(৪৫÷৯-৩)}×২-৫=কত?

৩) গাণিতিক বাক্যে প্রকাশ করো: ১২০ কে ৪০ দ্বারা ভাগ করলে ভাগফল ৩ হয়।

৪) (ক÷৪)+২=১৪ অক্ষর প্রতীক এর কোন মানের জন্য খোলা বাক্যটি সত্য হবে?

৫) ২০ এর মৌলিক উৎপাদক কি কি?

৬) গুণনীয়কের অপর নাম কী?

৭) একটি বাক্যে ২৫ টি আপেল রয়েছে যার ৩/৫ (পাঁচ ভাগের তিন) অংশ লাল রঙের। লাল আপেল এর সংখ্যা কত?

৮) ০.১×০.০০২×০.০০৩=কত?

৯) চারটি ঝুড়িতে যথাক্রমে ৩ ,০ ,৪ ও ৫টি করে আম আছে। প্রত্যেক ঝুড়িতে গড়ে কয়টি আম আছে?

১০) একটি সংখ্যার ৬০% সমান ১৮ হলে সংখ্যাটি কত?

১১) ৭০০ গ্রামের ৭% কত গ্রাম?

১২) যে চতুর্ভুজের শুধু একজোড়া বাহু সমান্তরাল, তাকে কি বলে?

১৩) একটি বর্গের ক্ষেত্রফল ৮১ বর্গ সেন্টিমিটার হলে, এক বাহুর দৈর্ঘ্য কত?

১৪) ২৯ মিটার বাহু বিশিষ্ট একটি বর্গের ক্ষেত্রফল এয়রে প্রকাশ করলে কত হবে?

১৫) ২০২০ সালের ফেব্রুয়ারি মাস কত দিনে যাবে?

১৬) একবিংশ শতাব্দীতে কয়টি অধিবর্ষ হবে?

১৭) জনসংখ্যার ঘনত্ব নির্ণয়ের সূত্রটি লিখ?

১৮) কোন গ্রামের জনসংখ্যা ৪৪০ জন। আয়তন ১০ বর্গ কিলোমিটার। ঐ গ্রামের জনসংখ্যার ঘনত্ব কত?

১৯) ৩ টি ইনপুট ডিভাইসের নাম লিখ?

২০) কম্পিউটার কাজ শেষে ফলাফল কোথায় দেখা যায়?

২) ২৪ টি কলা ও ৪০টি লিচুর দাম একত্রে ৩৯২ টাকা একটি কলার দাম ৮ টাকা হলে-

ক) ১টি লিচুর দাম কত? ২

খ) যদি কলার সংখ্যা ৬টি বেশি হত, তাহলে কলার মোট দাম কত হত? ৩

গ) প্রতিটি লিচুর দাম এক টাকা কম হলে, কতটি লিচু পাওয়া যেত? ৩

অথবা,

একটি আলমারি মূল্য ৮৭০০ টাকা, একটি টেবিল এর মূল্য ২১০০ টাকা এবং একটি চেয়ারের মূল্য ৭৫০ টাকা। রনি, মুনা ও সানি একটি আলমারি, দুটি টেবিল এবং ৮ টি চেয়ার কিনল এবং মোট মূল্য ৩ জন সমানভাবে ভাগ করে দিল।

ক) (ক÷৫)×৪=২৮, এখানে ক এর মান কত? ২

খ) উপরের পশ্নটিকে গাণিতিক বাক্যে প্রকাশ করো। ৩

গ) প্রত্যেকে কত টাকা করে দিল। ৩

৩) এক ব্যক্তি ৫৬টি টুপি, ২৮টি পাঞ্জাবি ও ৪২ টি লুঙ্গি কোন অবশিষ্ট না রেখে কয়েকজন গরিব লোকের মধ্যে সমানভাবে ভাগ করে দিতে চান।

ক) কোন ক্ষুদ্রতম সংখ্যা ২৮ এবং ৪২ দ্বারা নিঃশেষে বিভাজ্য? ২

খ) সর্বোচ্চ কতজন গরিব লোকের মধ্যে ওই দ্রব্যগুলো সমানভাবে ভাগ করে দিতে পারবেন? ৩

গ) প্রত্যেকে কয়টি করে টুপি, কয়টি করে পাঞ্জাবি ও কয়টি করে লুঙ্গি পাবে? ৩

অথবা,

চারটি ঘন্টা একত্রে বেজে পরে ৫ ,৭ ,১২ এবং ১৫ সেকেন্ড অন্তর অন্তর বাজতে লাগল।

ক) ঘন্টাগুলো বাজার সময় এর লসাগু নির্ণয় করো। ২

খ) তৃতীয় ও চতুর্থ ঘন্টার বাজার সময়ের সাধারণ মৌলিক উৎপাদক কত? ৩

গ) কোন ক্ষুদ্রতম সংখ্যা প্রদত্ত প্রত্যেকটি ঘন্টা বাজার সময় দ্বারা নিঃশেষে বিভাজ্য হবে? ৩

৪) ঔ একটি ব্ল্যাকবোর্ডের দৈর্ঘ্য ৩(১/৩) মিটার এবং প্রস্থ ২(১/৫) মিটার।

ক) ব্ল্যাকবোর্ডের ক্ষেত্রফল কত বর্গমিটার? ৪

খ) দৈর্ঘ্য ১/৩ মিটার কম হলে ব্ল্যাকবোর্ডের ক্ষেত্রফল কত বর্গমিটার হবে? ৪

অথবা,

৫.৪ মিটার দৈর্ঘ্যের একটি লোহার দন্ড যার ১ মিটারের ওজন ২.৩ কে.জি.।

ক) দন্ড টির ওজন কত কেজি হবে? ৪

খ) দলটির দৈর্ঘ্য কত মিটার হলে ওজন ৩০.৫৯ কেজি হবে? ৪

৫) ঔ একটি আতাকার বাগানের ক্ষেত্রফল ৭৩.৫ বর্গমিটার এবং দৈর্ঘ্য ১০.৫ মিটার বাগান পরিষ্কার করতে প্রতি বর্গমিটারে ২০.৫০ টাকা খরচ হয় ।

ক) বাগানের দৈর্ঘ্য কত সেন্টিমিটার? ২

খ) বাগানটির প্রস্থ কত মিটার? ৩

গ) বাগান পরিষ্কার করতে মোট কত টাকা খরচ হবে? ৩

অথবা,

প্রতি লিটার দুধ ৫০.৭৫ টাকা দরে ক্রয় করে মা তার পাঁচ সন্তানকে ২.৭৫ লিটার দুধ সমানভাগে ভাগ করে দিলেন।

ক) মা কত টাকা দুধ কিনলেন? ২

খ) প্রত্যেক সন্তান কতটুকু করে দুধ পেয়েছিল? ৩

গ) ৭৬১.২৫ টাকায় কত লিটার দুধ পাওয়া যাবে? ৩

৬) আসিফ ও আসাদ এর বয়সের সমষ্টি ৪৪ বছর। মনি ও আসাদের বয়সের সমষ্টি ৩৮ বৎসর। আসিফের বয়স ২১ বছর।

ক) আসিফ ও আসাদের বয়সের গড় কত? ২

খ) মনি ও আসাদের বয়সের গড় কত? ৩

গ) আসিফ ও মনির বয়সের গড় কত? ৩

অথবা,

একটি বাক্সে ৩০ টি পেয়ারার মধ্যে পাঁচটি ওজন যথাক্রমে ৪৭০ গ্রাম, ৩৬১ গ্রাম, ৩৯০ গ্রাম,৪২০ গ্রাম এবং ৪৪৯ গ্রাম।

ক) পাঁচটি পেয়ারার গড় ওজন নির্ণয় কর? ২

খ) গর্জন এর ভিত্তিতে ৩০ টি পেয়ারা মোট ওজন কত? ৩

গ) ওজনকৃত সর্বোচ্চ ওজনের পেয়ারা হতে গড় ওজন এর পার্থক্য কত? ৩

৭) একটি দোকানে ২৫০০ টাকার একটি পণ্য ২৫% কমে বিক্রয় করা হলো।

ক) পণ্যটির বিক্রয় মূল্য কত? ৪

খ) যদি পণ্যটি ১০% লাভে বিক্রয় করা হতো তাহলে বিক্রয় মূল্য কত হতো? ৪

অথবা,

আলম সাহেব ব্যাংক থেকে ৩০০০ টাকা ঋণ নেন। এক বছর পর তিনি ৩৩০০ টাকা পরিশোধ করেন।

ক) ওই ব্যাংকের মুনাফার হার কত? ৪

খ) ১০,০০০ টাকা ঋণ করলে তাকে দুই বছর পর কত টাকা পরিশোধ করতে হতো? ৪

৮) **তিনটি প্রশ্ন হতে দুটি প্রশ্নের উত্তর দাও :**

একটি সামান্তরিকের একটি কোণ ৫০° এবং দুইটি বাহু যথাক্রমে ৪ সেন্টিমিটার ও ৩ সেন্টিমিটার।

ক) সামান্তরিকটি অঙ্কন কর। ৩

খ) অঙ্কিত সামান্তরিকের তিনটি বৈশিষ্ট্য লিখ। ৩

অথবা,

একটি বৃত্ত যার ব্যাসার্ধ ৩.৫ সেন্টিমিটার।

ক) বৃত্তটি আঁক। ৩

খ) অঙ্কিত বৃত্তের তিনটি বৈশিষ্ট্য লিখ। ৩

অথবা,

একটি আয়তের এক বাহু ৬ সেন্টিমিটার এবং অপর বাহু ৪ সেন্টিমিটার।

ক) আয়তটি আঁক। ৩

খ) অঙ্কিত আয়তে তিনটি বৈশিষ্ট্য লিখ। ৩

৯) মেহেক প্রতি মিনিটে ৩৫ মিটার হাটে এবং লামিয়া প্রতি সেকেন্ডে ৭৫ সেন্টিমিটার হাটে।

ক) কে দ্রুত হাটে। ৪

খ) ৩.৫ কিলোমিটার হাঁটতে মেহেকের কত মিনিট লাগবে। ৪

অথবা,

একটি তেলের পাত্রের দৈর্ঘ্য ৫০ সেন্টিমিটার, প্রস্থ ৪০ সেন্টিমিটার এবং উচ্চতা ৭০ সেন্টিমিটার।

ক) পাত্রটির আয়তন কত? ৪

খ) পাত্রটিতে কত লিটার তেল রাখা যাবে? ৪

১০) রাসেল সাহেব ২০২০ সালের ফেব্রুয়ারি মাসে ঢাকায় ছিল

ক) তিনি কত ঘন্টা ঢাকায় ছিলেন? ২

খ) তিনি কত সেকেন্ড ঢাকায় ছিলেন? ২

অথবা,

আবেদিন ২০১৭ সালের ২৮ শে নভেম্বর জন্মগ্রহণ করে

ক) আবেদিন কোন শতাব্দীতে জন্মগ্রহণ করে? ২

খ) আবেদিনের জন্মসাল অধিবর্ষ কিনা নির্ণয় করো। ২

১১) একটি ত্রিভুজাকার ক্ষেত্রের ক্ষেত্রফল ১.৬ বর্গ মিটার এবং উচ্চতা ০.৪ মিটার।

ক) ত্রিভুজ ক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয়ের সূত্রটি লিখ? ২

খ) ত্রিভুজ ক্ষেত্রটির ক্ষেত্রফল কত? ৩

গ) ত্রিভুজ ক্ষেত্রটির উচ্চতা ০.৬ মিটার হলে ক্ষেত্রফল কত হবে? ৩

অথবা,

একটি আয়তাকার পার্কের প্রস্থ ০.০৫ কিলোমিটার এবং ক্ষেত্রফল ৪২৫০ বর্গমিটার।

ক) প্রস্থ কে মিটারে প্রকাশ করো। ২

খ) পার্কের দৈর্ঘ্য নির্ণয় করো। ৩

গ) পার্কের ক্ষেত্রফল এয়রে প্রকাশ করো। ৩

# অর্ধ-বার্ষিকী পরীক্ষা-২০২০ খ্রীঃ

## শ্রেণি-পঞ্চম

## বিষয় - হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা

সময়: ২:৩০ ঘন্টা　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　পূর্ণমান: ১০০

**১। নিচের প্রশ্নগুলো সংক্ষেপে উত্তর দাওঃ**　　　　　　　　　　　　　　　　　　**১৫×২= ৩০**

ক) শিষ্টাচার প্রদর্শনের দুটি সুফল লেখ।
খ) অহিংসা কিসের অঙ্গ?
গ) স্বাস্থ্য কাকে বলে?
ঘ) কোন আসন করলে পরিপাকতন্ত্রের সমস্যা দূর হয়?
ঙ) দেশপ্রেমিকের প্রতি আমাদের কেমন আচরণ হওয়া উচিত?
চ) দোল উৎসব কখন অনুষ্ঠিত হয়?
ছ) তুমি সকলের ভালোবাসা অর্জন করতে কী করবে?
জ) বশিষ্ঠ বিশ্বামিত্রকে কী আর্শীবাদ করেছিলেন?
ঝ) উপবাস আমাদের কী শেখায়?
ঞ) বিদুলার পুত্রের নাম কী?
ট) সনাতন শব্দের অর্থ কী?
ঠ) দেবর্ষি নারদের হাতে কী থাকে?
ড) রাক্ষসের আস্তানায় কে গিয়েছিলেন?
ঢ) শরীর সুস্থ রাখার জন্য মাঝে মাঝে কী করতে হয়?
ণ) অনিদ্রা দূর করার জন্য কোন আসন করা হয়?

**২। সঠিক শব্দ দিয়ে শূণ্যস্থান পূরণ করঃ** (যে কোন ১২টি )　　　　　　　　　　**১×১২= ১২**

ক) আচার মানে ------।
খ) কৌরবেরা ছিলেন ------ প্রকৃতির।
গ) অপরিমিত আহার -------- ক্ষতিকর।
ঘ) সর্বাঙ্গাসন করলে থাইরয়েড ও ------- সতেজ হয়।
ঙ) আমরা ভালোবাসব -------।
চ) ধর্ম সংগীত ------- পরিচায়ক।
ছ) -------- স্বয়ং ভগবান।
জ) পরমতসহিষ্ণুতা সংহতির একটি ------।
ঝ) শিশুপাল ছিলেন ------- দেশের রাজা।
ঞ) পান্ডবেরা ব্রাক্ষণবেশে ------ নগরে বাস করতেন।
ট) পরিমিত আহার ------- জন্য উপকারী।
ঠ) উপবাসের আরেক নাম ------।
ড) বিদুলা ছিলেন ----- রাজ্যের রাণি।
ঢ) সারা চৈত্র মাস জুড়েই ----- হয়।

**৩। বামপাশের বাক্যাংশের সাথে ডানপাশের বাক্যাংশের মিল করঃ**　　　　　　　　**২×৫= ১০**

| | |
|---|---|
| ক) আমরা শিক্ষককে | শিষ্টাচার প্রদর্শন করেছিলেন |
| খ) নম্র-ভদ্র আচরণকে বলে | স্বামী বিবেকানন্দ |
| গ) শ্রী-কৃষ্ণ স্বয়ং | সত্য |
| ঘ) পরমত সহিষ্ণুতার আদর্শ তুলে ধরেছিলেন | শিষ্টাচার |
| ঙ) সকল ধর্মই | প্রণাম করি |
| | স্বামী প্রণবানন্দ |

**৪। যেকোন ৮টি কাঠামোবদ্ধ প্রশ্নের উত্তর দাওঃ**　　　　　　　　　　　　　　　**৬×৮= ৪৮**

ক) শিষ্ট কথাটির অর্থ কী? তুমি কীভাবে শিষ্টাচার প্রদর্শন কর তা ৫টি বাক্যে লিখ।
খ) শিষ্টাচার কী? ব্যাক্তিজীবনে শিষ্টাচার কী সুফল বয়ে আনে চারটি বাক্য লেখ।
গ) পরোপকার কী? সমাজে শান্তি প্রতিষ্ঠার জন্য পরোপকারের গুরুত্ব চারটি বাক্যে লিখ।

ঘ) অহিংসা কী? একজন অহিংস ব্যক্তির ৫টি গুণ লেখ।

ঙ) পরমত সহিষ্ণুতার গুরুত্ব ৫টি বাক্যে লিখ।

চ) ঐক্য ও সংহিতার একটি সূত্র কী? শিষ্টাচার ও পরমত সহিষ্ণুতার উপকারিতা সম্পর্কে ৪টি বাক্যে লিখ।

ছ) স্বাস্থ্য কী? স্বাস্থ্যরক্ষায় প্রতিদিন তুমি কর এমন ৪টি কাজ লেখ।

জ) আহার কী? তুমি কেন পরিমিত আহার গ্রহণ করবে? ৩টি বাক্যে লিখ।

ঝ) দেশপ্রেম কাকে বলে? তুমি কীভাবে দেশের প্রতি ভালোবাসা প্রকাশ কর ৪টি বাক্য লিখ।

ঞ) কীভাবে দোল উৎসব শুরু হয়? বুড়ির ঘর সম্পর্কে ৪টি বাক্য লিখ।

# অর্ধ-বার্ষিকী পরীক্ষা-২০২০ খ্রীঃ

## শ্রেণি-পঞ্চম

## বিষয় - ইসলাম ও নৈতিক শিক্ষা

সময়: ২:৩০ ঘন্টা | পূর্ণমান: ১০০

**১। সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাও: ১৫টি** **১৫×২= ৩০**

ক) কুরান মাজিদের পরিচয় দাও?

খ) মুখের কোন জায়গা থেকে মাখরাজ উচ্চারিত হয়?

গ) ওয়াকফে মুতলাক কাকে বলে?

ঘ) ওয়াকফে লাজিম কাকে বলে?

ঙ) আইয়্যাসে জাহিলিয়্যা কাকে বলে?

চ) হারবুল ফিজার কাকে বলে?

ছ) মহানবি (স) কখন কোথায় জন্মগ্রহণ করেন?

জ) গুন্নাহ কাকে বলে?

ঝ) কন্ঠনালির শুরু থেকে কোন বর্ণ উচ্চারিত হয়?

ঞ) হিলফুল ফুযুল কাকে বলে?

ট) আনসার কাকে বলে?

ঠ) কেন হযরত দাউদ (আ) ছদ্মবেশে ঘুরে বেড়াতেন?

ড) মিরাজ কাকে বলে?

ঢ) হযরত দাউদ (আ) এর বীরত্বের উদাহরণ দাও।

ণ) হযরত ঈসা (আ) বর্তমানে কোথায় জীবিত আছেন?

**২। শূণ্যস্থান পূরণ কর:** **১২×১= ১২**

ক) নবুয়ত লাভের আগেও মহানবি (স) নিষ্ঠা ও আন্তরিকতার সাথে ---- মহৎ গুণাবলির অনুশীলন করতেন।

খ) নবুয়ত লাভের পর হযরত মুহাম্মদ (স) ---- প্রথমে নিকট আত্নীয়-স্বজনের কাছে গোপনে ইমানের দাওয়াত দিতে থাকেন।

গ) নবুয়ত একাদশ সনে রজব মাসের ২৭ তারিখে আল্লাহ তায়ালা মহানবি (স) কে মসজিদে হারাম থেকে ---- এবং সেখান থেকে ঊর্ধ্বলোকে ভ্রমণ করিয়ে আনেন।

ঘ) মহানবি (স) মুহাজির ও ------ ভ্রাতৃত্ব বন্ধনে আবদ্ধ করেন।

ঙ) ইবলিশ আল্লাহর আদেশ অমান্য করার দরুণ অভিশপ্ত ---- হয়ে গেল।

চ) হযরত ----- ছিলেন প্রথম মানুষ এবং প্রথম নবি। আমরা সবাই তাঁর বংশধর।

ছ) ইরাক দেশের ---- এক পুরোহিত পরিবারে হযরত ইবরাহীম (আ) জন্মগ্রহন করেন।

জ) জনমানবহীন পাহাড় ঘেরা মরু উপত্যকা মক্কা। আল্লাহর কুদরতে সেখানে পাথর ফেটে পানি বের হলো, সৃষ্টি হলো ----।

ঝ) আল্লাহর অসীম কুদরতে পিতা ছাড়াই হযরত মরিয়ম (আ) এর গর্ভে --- (আ) জন্মগ্রহণ করেন।

ঞ) ---- (আ) আল্লাহর হুকুমে বৃদ্ধ বয়সে বায়তুল মুকাদ্দাস নির্মাণ করেন।

ট) সঠিক উচ্চারণে কুরান মজিদ তিলাওয়াত করলে আল্লাহ তায়ালার ----- অর্থ ঠিক থাকে।

ঠ) শুদ্ধভাবে কুরান মজিদ তিলাওয়াতের নিয়মকে ---- বলে।

**৩। নিচের ছকে বামপাশের বাক্যাংশের সাথে ডানপাশের বাক্যাংশের মিল করে লিখ।** **৫×২= ১০**

| বামপাশ | ডানপাশ |
|---|---|
| ক. নাক ব্যবহার করে উচ্চারিত হয় | হযরত ঈসা (আ) |
| খ. শ্বেত ও কুষ্ঠ রোগীকে সুস্থ করার মোজেয়া পেয়েছেন | হারবুল ফিজার |
| গ. দাজ্জালকে হত্যা করবেন | আবু সুফিয়ান |

| | |
|---|---|
| ঘ. জুয়া খেলাকে কেন্দ্র করে সংঘটিত হয় | হযরত ঈসা (আ) |
| ঙ. ওহুদ যুদ্ধে কাফেরদের নেতৃত্ব দিয়েছিলেন | গুন্নাহ |
| | হিলফুল ফুজুল |
| | আদম (আ) |

**৪। নিচের প্রশ্নগুলো হতে যে কোন ৮টি প্রশ্নে উত্তর দাও: ৬×৮= ৪৮**

ক) আজাজিল কেন এবং কিভাবে শয়তানে পরিণত হয়েছিল? ব্যাখ্যা কর।

খ) মহানবি (স) কিভাবে মক্কা বিজয় করেছিলেন?

গ) বদরের যুদ্ধ কিভাবে সংঘটিত হয়েছিল?

ঘ) সুরা কাউসার অর্থসহ লিখ।

ঙ) মহানবি (স) এর জন্মের সময় আরব দেশের অবস্থা কেমন ছিল? ব্যাখ্যা কর।

চ) বদরের যুদ্ধের বন্দিদের সাথে মানবিক আচরণের যে সুন্দর দিক মহানবি (স) এর জীবনীতে ফুটে উঠে তা তুলে ধর?

ছ) মহানবি (স) তায়েফে ইসলাম প্রচার কালে কি পরিস্থিতির সম্মুখীন হয়েছিলেন?

জ) মহানবি (স) কিভাবে নবুয়্যত লাভ করেছিলেন? তুলে ধর।

ঝ) নবুয়্যত লাভের পর মহানবি (স) প্রথমে কাদের কিভাবে ইমানের দাওয়াত দিয়েছিলেন?

ঞ) মহানবি (স) কখন কিভাবে মিরাজে গমন করেছিলেন?

# অর্ধ-বার্ষিকী পরীক্ষা-২০২০ খ্রীঃ

## শ্রেণি-পঞ্চম

## বিষয় - বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা

সময়: ২:৩০ ঘন্টা পূর্ণমান: ১০০

**১। নিচের প্রশ্নগুলো সংক্ষেপে উত্তর দাওঃ** **১৫×২= ৩০**

ক) কুশল কর্ম বলতে কি বুঝ?
খ) কে দস্যুবৃত্তি করে জীবিকা নির্বাহ করত?
গ) বুদ্ধ চেতনাকে কর্ম বলেছেন - এ চেতনা কোথায় সংঘটিত হয়?
ঘ) শ্রাবক শিষ্য কাকে বলে?
ঙ) রাজা বিম্বিসার কার কন্যাকে বিয়ে করেন?
চ) পূর্ণিকা কে ছিলেন?
ছ) নক্ষত্র জাতকের উপদেশ কী?
জ) অতি পন্ডিতের শঠতা থেকে তুমি কী শিক্ষা পেলে?
ঝ) জাতক কাকে বলে?
ঞ) পাঁচটি প্রসিদ্ধ বৌদ্ধ ঐতিহাসিক স্থানের নাম লেখ।
ট) ঐতিহাসিক স্থান ভ্রমণ করার দুইটি সুফল লেখ।
ঠ) শ্রাবস্তীর বর্তমান নাম কী?
ড) ভগবান বুদ্ধ কাকে বিশুদ্ধ ক্ষেত্র বলেছেন?
ঢ) "পব্বজ্জা" শব্দের অর্থ কী?
ণ) বর্ষাবাস বলতে কী বোঝায়?

**২। সঠিক শব্দ দিয়ে শূণ্যস্থান পূরণ করঃ** **১×১২= ১২**

ক) ধার্মিক ব্যক্তিদের জন্য ------ দ্বার খোলা থাকে।
খ) ভালো কাজ করলে সকলের ------ পায়।
গ) পাপীরা -------- লিপ্ত থাকে।
ঘ) সে সময় পঞ্চবর্গীয় শিষ্যরা ------ দীক্ষা নেন।
ঙ) ভগবান বুদ্ধ সারনাথে ------ পূর্ণিমায় ধর্মচক্র প্রবর্তন করেন।
চ) বুদ্ধের প্রধান সেবক ছিলেন -------।
ছ) শুভ কাজের কোনো ------- নেই।
জ) জাতকের প্রভাব ও ------ মূল্য অপরিসীম।
ঝ) মৈত্রী সাধনা ও ------- বোধিসত্ত্ব জীবনের লক্ষ্য ও আদর্শ।
ঞ) জীবক ------ বছর আয়ুর্বেদশাস্ত্র শিক্ষা করেন।
ট) সম্রাট অশোক ------- নির্মাণ করেছিলেন।
ঠ) শ্রমণদের জন্য দশশীল এবং ------ সেখিয়া ধর্ম রয়েছে।

**৩। বামপাশের বাক্যাংশের সাথে ডানপাশের বাক্যাংশের মিল করঃ** **২×৫= ১০**

| | |
|---|---|
| ক) সুকর্ম সুখকর ও | সবাই নিন্দা করে |
| খ) পূণ্যবান ব্যক্তিরা | কুশল কর্মের কথা বলেছেন |
| গ) খারাপ কাজ করলে | বিচিত্র ও বহুমুখী |
| ঘ) ভগবান বুদ্ধ | সবাই নিন্দা করে |
| ঙ) কর্মের গতি | কর্মের অধীন |
| | আত্মতৃপ্তি লাভ করেন |
| | আনন্দদায়ক |

**৪। যেকোন ৮টি কাঠামোবদ্ধ প্রশ্নের উত্তর দাওঃ** **৬×৮= ৪৮**

ক) ৪টি অকুশল কর্মের নাম লেখ। তুমি কেন অকুশল কর্ম থেকে নিজেকে বিরত রাখবে এ বিষয়ে ৪টি বাক্যে লিখ।
খ) "নিজেই নিজের ত্রাণকর্তা" অপর কেউ নয়; কথাটি কে বলেছেন? কথাটি ৫টি বাক্য বুঝিয়ে লেখ।
গ) থের কাকে বলে? রাজা বিম্বিসার এর জীবনী থেকে চারটি বাক্যে লিখ।

ঘ) অনেক নারী বুদ্ধের শিষ্যত্ব গ্রহণ করেন। তাঁদের কী বলা হয়? তাঁদের মধ্যে উল্লেখযোগ্য কয়েকজনের নাম লিখ। উৎপলবর্ণা সম্পর্কে ৩টি বাক্যে লেখ।

ঙ) বৌদ্ধ সাহিত্যে জাতকের সংখ্যা কয়টি? এটি কোন ভাষায় রচিত? এর ৮টি উপদেশ লিখ।

চ) ধর্মপরায়ন ব্যক্তিকে ধর্ম রক্ষা করে। উক্তিটি কোন জাতকের? উক্ত জাতকে বোধিসত্ত্ব এর নাম কী ছিল? কোন গুণের প্রভাবে ধর্মপাল কুমারের বংশে অকাল মৃত্যু হয়না? তা ৪টি বাক্যে লিখ।

ছ) প্রাচীন বৈশালী কোথায় অবস্থিত? বৈশালী নগরী সম্পর্কে ৫টি বাক্য লেখ।

জ) তোমরা সোমপুর বিহার দেখতে গিয়েছ। কোন রাজা এটি প্রতিষ্ঠা করেন? কীভাবে এটি আবিষ্কৃত হয়? সোমপুর বিহার সম্পর্কে ৪টি বাক্যে লিখ।

ঝ) কঠিন চীবর দানের বর্ণনা হতে ৬টি বাক্য লিখ।

ঞ) তুমি ধর্মীয় ও সামাজিক অনুষ্ঠানে গিয়ে আনন্দ উপভোগ কর। এমন অনুষ্ঠানে যোগদান করলে কী উপকার হয়? এতে তুমি যা শিখেছ তা ৩টি বাক্য লিখ।

# অর্ধ-বার্ষিকী পরীক্ষা-২০২০ খ্রীঃ

## শ্রেণি-পঞ্চম

## বিষয় - খ্রিস্টধর্ম ও নৈতিক শিক্ষা

সময়: ২:৩০ ঘন্টা　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　পূর্ণমান: ১০০

**১। নিচের প্রশ্নগুলো সংক্ষেপে উত্তর দাওঃ　　　　　　　　　　　　　　　　　　১৫×২= ৩০**

ক) কে সর্বদা আমাদের পরিচালনা করেন?
খ) সাধু পলের ভাষায় দেহের বশ বলতে কী বোঝায়?
গ) আর্ত মানবতার সেবার জন্য তুমি করবে এমন একটি কাজের নাম লেখ।
ঘ) নেলসন ম্যান্ডেলা কত বছর কারাভোগ করেন?
ঙ) বিবাহ সাক্রামেন্ত কারা প্রদান করতে পারে?
চ) পরিবারের সবাইকে নিয়ে কী করতে পারি?
ছ) ক্ষুধার্তকে খাবার দেব কেন?
জ) ঈশ্বর কখন পৃথিবীর সকল জাতির সকল মানুষ ও দেবদূতদের বিচার করবেন?
ঝ) নেলসন কোন শহরে জন্মগ্রহণ করেন?
ঞ) মৃত্যুর পর সব মানুষকেই কীসের জন্য যীশুর সামনে হাজির হতে হবে?
ট) তুমি ভোরে ঘুম থেকে উঠবে কেন? একটি বাক্যে লেখ।
ঠ) যীশু রোগীদের সুস্থ করার জন্য বিভিন্ন বাস্তব চিহ্নের আশ্রয় নিয়েছিলেন? তিনি কী কী বাস্তব চিহ্নের আশ্রয় নিয়েছিলেন?
ড) প্রাকৃতিক দুর্যোগের মধ্যে অন্যতম দুইটি দুর্যোগের নাম লেখ।
ঢ) তোমার মা গ্যাসের চুলায় রান্না করেন। ঘূর্ণিঝড়ের পূর্বে তুমি গ্যাসের লাইন কী করবে?
ণ) ত্রাণসামগ্রী সংগ্রহ করে কী করতে হবে?

**২। সঠিক শব্দ দিয়ে শূণ্যস্থান পূরণ করঃ　　　　　　　　　　　　　　　　　　১×১২= ১২**

ক) দেহের বশে চললে ------ খুশি হয়।
খ) পবিত্র আত্মা আমাদের ------ পথে পরিচালনা করে।
গ) মন্ডলী বাণীপ্রচার ও -------- এক করে দেখে।
ঘ) যাজকত্ব ------ আনয়নে সক্ষম।
ঙ) রোগীলেপন সাক্রামেন্তের অপর নাম ------।
চ) বেচে থাকার প্রয়োজন রুথ ------- কুড়াতে গেল।
ছ) রুথের শ্বশুড়-শাশুড়ি ------- থেকে মোয়াব দেশে এসেছিলেন।
জ) ঝোসা ভাষায় ম্যান্ডেলার নাম ছিল ------ ।
ঝ) "সর্বত্রই আমি নির্দিষ্ট সময়ের চেয়ে ------- মিনিট পূর্বে উপস্থিত থেকেছি।
ঞ) আমাদের নিয়ে ঈশ্বরের একটা ------ আছে।
ট) দিনে অন্তত একবার পবিত্র ------- থেকে কিছু অংশ পাঠ করা।
ঠ) বাংলাদেশ একটি প্রাকৃতিক ------ দেশ।
ড) বাংলাদেশে ------- বছরেরও আগে খ্রিস্টমন্ডলী স্থাপিত হয়েছে।
ঢ) বাংলাদেশ খ্রিস্টমন্ডলী ------ দিকে জোর দিয়েছেন।

**৩। বামপাশের বাক্যাংশের সাথে ডানপাশের বাক্যাংশের মিল করঃ　　　　　　　　　　২×৫= ১০**

| | |
|---|---|
| ক) পবিত্র আত্মার দান পেয়ে আমরা | ভূমিকা অতুলনীয়। |
| খ) নিম্নতর স্বভাবের কয়েকটি দিক হলো | পরিপক্ক খ্রিস্টভক্ত হতে পারি। |
| গ) যুবগঠনে মন্ডলীর | শত্রুতা, বিবাদ, হিংসা। |
| ঘ) তেল হচ্ছে প্রাচুর্য ও | মুক্তি দেওয়া হয়। |
| ঙ) কিলিয়নের সাথে বিয়ের আগে রুথ | গঠনে নিরলস শ্রম দিয়ে যাচ্চে। |
| | আনন্দের চিহ্ন। |
| | অন্য দেবদেবীকে বিশ্বাস করতেন। |

**৪। যেকোন ৮টি কাঠামোবদ্ধ প্রশ্নের উত্তর দাওঃ　　　　　　　　　　　　　　　　৬×৮= ৪৮**

ক) পবিত্র আত্মা আমাদেরকে কার দেখানো পথে পরিচালনা করেন? যারা পবিত্র আত্মার অনুপ্রেরণায় চলে তাদের মধ্যে কীসের প্রভাব নেই? পবিত্র আত্মার অনুপ্রেরণায় চললে আমাদের কী লাভ হবে তা ৪টি বাক্যে লিখ।

খ) মন্ডলীর প্রধান প্রধান প্রেরণ কাজ গুলো কী কী? এ কাজের যেকোনো তিনটি সম্পর্কে ৫টি বাক্য লেখ।

গ) কে মানবজাতির পরিত্রানের জন্য এ পৃথিবীতে এসেছেন? তিনি নিজেই নিজের সম্পর্কে কী বলেছেন? সেবাকাজে পাঠাবার আগে তিনি তাঁর শিষ্যদের কী বলেছেন তা ৩টি বাক্যে লিখ।

ঘ) রুথ শব্দের অর্থ কী? রুথ কোন দেশে বাস করতেন? পারিবারিক জীবনে রুথের যে বিশ্বস্ততার পরিচয় পাই সে সম্পর্কে ৪টি বাক্যে লেখ।

ঙ) শিক্ষক শ্রেণিকক্ষে এমন এক ভাগ্যবতী নারীকে নিয়ে আলোচনা করেছিলেন যাকে নিয়ে ঈশ্বরের মহান পরিকল্পনা ছিল। শিক্ষক এখানে কার কথা বলেছেন? তাঁকে কেন ভাগ্যবতী নারী বলা হয়? পারিবারিক জীবনে তাঁর সম্পর্কে ৩টি বাক্যে লেখ।

চ) নেলসন ম্যান্ডেলা কোথায় জন্মগ্রহণ করেন? তাঁর বাবা-মার পরিচয় দাও। তাঁর বাল্যজীবন সম্পর্কে ৪টি বাক্যে লিখ।

ছ) দেহের বশ বা নিম্নতর স্বভাবের বশে চলার ৩টি দিক লেখ। দেহের বশে চলার ৩টি কুফল লেখ।

জ) ঘূর্ণিঝড় সাধারণত কোন অঞ্চলে ঘটে? ঘূর্ণিঝড়ের সময় নিরাপদ স্থানে যাওয়া প্রয়োজন কেন? দুটি বাক্যে লেখ। এ সময় তোমার ৩টি করনীয় লিখ।

ঝ) ঈশ্বর কার হাতে বিচারের ভার ন্যস্ত করবেন? জীবনগ্রন্থ সম্পর্কে একটি বাক্য লেখ। শেষ বিচারের জন্য তুমি কীভাবে নিজেকে প্রস্তুত করবে তা ৪টি বাক্য লিখ।

ঞ) বাংলাদেশে খ্রিস্টমন্ডলী স্থাপিত হয়েছিল কবে? সেবা কাজ করার একটি উদ্দেশ্য লিখ। মানবতার কল্যাণ করবে এমন ৪টি কাজ উল্লেখ কর।

## অর্ধ-বার্ষিকী পরীক্ষা-২০২০ খ্রীঃ
### শ্রেণি-পঞ্চম
### বিষয় - বাংলা হাতের লেখা

মানবতার জন্য নিজের জীবনকে উৎসর্গ করব।

# Half Yearly Examination 2020
## Class: 5
## Subject: English Hand Writing

Dedicate my life to the service of humanity.